# B.A. Semester-VI (Programme) Exam. 2022-23

# বাংলা

**Course ID : 60118 Course Code : AP/BNG/601/DSE-1B**

**Course Title : মধ্যযুগের বাংলা সাহিত্য**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের কোন্ ছত্রটি শ্রী চৈতন্যদেবের প্রিয় ছিল?

খ) মালাধর বসু কী উপাধি ব্যবহার করতেন? তাঁকে কে এই উপাধি প্রদান করেন?

গ) 'আলো মুঞি জানো না' — কার লেখা কোন্ পর্যায়ের পদ?

ঘ) 'অভিনব হেম কল্পতরু' কাকে এবং কেন বলা হয়েছে?

ঙ) ঘনরাম চক্রবর্তী কার আদেশে ধর্মমঙ্গল কাব্য রচনা করেন? তার কাব্যের প্রকৃত নাম কী?

চ) ঘনরামের কাব্য অনুসারে কোন্ পালায় লাউসেন লোহার গণ্ডার দ্বিখণ্ডিত করেন?

ছ) আলাওল কোন্ সময়ে কার পৃষ্ঠপোষকতায় 'পদ্মাবতী' কাব্যটি রচনা করেন?

*(পরের পাতায়)*

জ) 'পদ্মাবতী' কাব্যের নায়ক কে? তিনি কোন্ রাজ্যের রাজা?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচনাকাল সম্পর্কে আলোচনা করো।

খ) 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু' —পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

গ) ঘনরামের ধর্মমঙ্গল কাব্যের রঞ্জাবতী চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) আলাওলের 'পদ্মাবতী' কাব্য অবলম্বনে সিংহল দ্বীপের বর্ণনা দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) মালাধর বসুর জীবনী সংক্ষেপে বিবৃত করে তাঁর অনুদিত 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে কবির কৃতিত্ব পর্যালোচনা করো।

খ) অভিসার কাকে বলে? তোমাদের পাঠ্য অভিসারের পদে গোবিন্দদাস কবিরাজের কৃতিত্ব আলোচনা করো।

গ) ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যের নায়ক চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) নাম চরিত্র 'পদ্মাবতী' সৈয়দ আলাওলের আন্তরিক সৃষ্টি — পদ্মাবতী চরিত্রটি বিশ্লেষণ করে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

# B.A. Semester-VI (Programme) Exam. 2022-23

## বাংলা

**Course ID : 60118 Course Code : AP/BNG/601/DSE-1B**

**Course Title : রবীন্দ্রসাহিত্য**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'প্রান্তিক' কাব্যের প্রকাশকাল কত? এই কাব্যগ্রন্থের কবিতার সংখ্যা ক'টি?

খ) 'হে পূষণ, সংহরণ করিয়াছ তব রশ্মিজাল' — কত সংখ্যক কবিতার অংশ এটি? 'পূষণ' শব্দের অর্থ কী?

গ) অমিত কাকে 'ধূমকেতু-মুখো' নাম দিয়েছিল? তার পেশা কী ছিল?

ঘ) 'শেষের কবিতা' উপন্যাসের প্রকাশকাল লেখো। উপন্যাসে অমিতের পুরো নাম কী?

ঙ) 'রবিবার' গল্পটি কবে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

চ) 'ল্যাবরেটরি' গল্পের দুটি প্রধান চরিত্রের নাম লেখো।

ছ) 'ডাকঘর' নাটকটি প্রথম কবে, কোথায় অভিনীত হয়েছিল?

জ) অমল ছেলের দলের কাছে কোন্ কোন্ ডাক-হরকরার নাম জেনেছে?



২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'শান্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস' — কবি কেন এমন বলেছেন তা ব্যাখ্যা করো।

খ) 'শেষের কবিতা' উপন্যাসের শেষ কবিতাটির মূলভাব বিশ্লেষণ করো।

গ) 'রবিবার' গল্প অবলম্বনে অভীকের চরিত্র বিশ্লেষণ করো।

ঘ) 'ডাকঘর' নাটকের সুধা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'প্রান্তিক' কাব্যের মৃত্যুচেতনার স্বরূপ বিশ্লেষণ করো।

খ) 'শেষের কবিতা' উপন্যাস অবলম্বনে অমিত চরিত্রটি বিশ্লেষণ করো।

গ) 'ল্যাবরেটরি' গল্প অবলম্বনে নারী চরিত্রগুলির স্বরূপ বিশ্লেষণ করো।

ঘ) 'ডাকঘর' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

# B.A. Semester-VI (Programme) Exam. 2022-23

# বাংলা

**Course ID : 60118 Course Code : AP/BNG/601/DSE-1B**

**Course Title : কথাসাহিত্য**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) কার কোন্ ইংরাজি উপন্যাসের প্রভাব আছে 'রজনী' উপন্যাসে?

খ) 'তাম্বুলকর কঙ্কবাহিনী' শব্দের অর্থ কী?

গ) 'মালঞ্চ' কোন্ শ্রেণির উপন্যাস? এর প্রকাশকাল কত?

ঘ) 'জায়গা হবে না তোর রাক্ষসী' — কে, কার উদ্দেশে একথা বলেছে?

ঙ) 'শেষ প্রশ্ন' উপন্যাসের প্রকাশকাল কত? এই উপন্যাসের ঘটনাস্থল কোথায়?

চ) 'এই মেয়েটার বাইরেটা দেখেও মানুষের যেমন আশ্চর্য লাগে, ভেতরটা দেখতে পারলে তেমনি অবাক হতে হয়' — কার সম্পর্কে কার এই অনুভূতি?

ছ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নায়ক কে? সে কোন্ খেলায় পারদর্শি ছিল?



জ) 'অযান্ত্রিক' গল্পে বিমল তার ট্যাক্সির কী নাম দিয়েছিল? এই ট্যাক্সিটি কোন্ কোম্পানির?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'রজনী' উপন্যাসের আঙ্গিক-বৈশিষ্ট্য লেখো।

খ) 'মালঞ্চ' উপন্যাসের রমেন চরিত্রটি বিশ্লেষণ করো।

গ) 'শেষ প্রশ্ন' উপন্যাসের আশুবাবু চরিত্রের বিশিষ্টতা মূল্যায়ন করো।

ঘ) 'অযান্ত্রিক' গল্পে বিমল ও তার গাড়ির মানবিক সম্পর্ক বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) মনস্তাত্ত্বিক উপন্যাস হিসাবে 'রজনী' উপন্যাসের সার্থকতা বিশ্লেষণ করো।

খ) 'মালঞ্চ' উপন্যাসের নামকরণ উপন্যাস-আখ্যনকে কতটা গতি দিয়েছে তা বিশ্লেষণ করো।

গ) 'শেষ প্রশ্ন' উপন্যাসের কমল চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।

ঘ) সুবোধ ঘোষের 'ফসিল' গল্পে শ্রেণি সংগ্রামের যে ইতিহাস ব্যক্ত হয়েছে, তা গল্প অবলম্বনে বিশ্লেষণ করো।

# B.A. Semester-VI (Programme) Exam. 2022-23

# বাংলা

**Course ID : 60118 Course Code : AP/BNG/601/DSE-1B**

**Course Title : নাট্যসাহিত্য**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'কমেডি' শব্দটি কোন্ শব্দ থেকে এসেছে? শব্দটির অর্থ কী?

খ) নাটকে কোরাস বলতে কী বোঝো?

গ) বাঙালির দ্বারা প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা কোন্‌টি? প্রতিষ্ঠাতার নাম কী?

ঘ) বেঙ্গলী থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়? প্রথম অভিনীত নাটকের নাম কী?

ঙ) 'নটী বিনোদিনী' নাটকের দুটি পুরুষ চরিত্রের নাম লেখো।

চ) রাঙাবাবু কে? বিনোদিনীর সঙ্গে তার সম্পর্ক কী?

ছ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে 'এবং' শব্দের তাৎপর্য কী?

জ) 'এবং ইন্দ্রজিৎ' কোন্ শ্রেণির নাটক? নাটকটির রচনাকাল উল্লেখ করো।



২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) সংজ্ঞাসহ মেলোড্রামার লক্ষণ উল্লেখ করো।

খ) 'শখের নাট্যশালার ইতিহাসে পাথুরিয়াঘাটা বঙ্গনাট্যালয়ের স্থান অত্যন্ত গৌরবের'। —এই উক্তির আলোকে পাথুরিয়াঘাটা বঙ্গনাট্যালয়ের পরিচয় দাও।

গ) 'নটী বিনোদিনী' নাটকে বিনোদিনী চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে মাসীমা চরিত্রটির চিরকালীন মাতৃত্বের স্বরূপটি আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ট্রাজেডি কি? লক্ষণ সহ ট্রাজেডির বৈশিষ্ট্য আলোচনা করো।

খ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে জাতীয় নাট্যশালার (ন্যাশনাল থিয়েটার) প্রতিষ্ঠা ও প্রথম পর্বটির কার্যকলাপ আলোচনা করো (১৮৭২-৭৩)।

গ) 'নটী বিনোদিনী' নাটকে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্রের পরিচয় দাও।

ঘ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে সময়ের চিহ্ন কীভাবে ধরা পড়েছে বিশদ আলোচনা করো।

———————